

## অর্জন সমূহ:

বিশ্বায়নের এ যুগে প্রগতিশীল সমাজ গড়ে তোলার লক্ষ্যে নারীর অধিকার, ক্ষমতায়ন ও কর্মবান্ধব পরিবেশ সৃষ্টি অত্যাবশ্যিক। মহিলা বিষয়ক অধিদপ্তর রাষ্ট্র ও সমাজের মূল স্রোতধারায় নারী উন্নয়ন ও অধিকার প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছে। গত ৩ বছরে ভিজিডি কার্যক্রমের মাধ্যমে ৪৮৯২ জন দরিদ্র মহিলাকে খাদ্য সহায়তা দেয়া হয়েছে। ১১২৮ জন নারীকে মাতৃত্বকালীন ভাতা প্রদান করা হয়েছে। ৭৬ জন নারীকে ১১,৪০,০০০/- টাকা ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়েছে। ৬০০ জন নারীকে উপজেলা পর্যায়ে আয়বর্ধক(আইজিএ) প্রশিক্ষণ দেয়া হয়েছে। ১৫ জন সাহায্য প্রার্থী মহিলাদের আইনি সহায়তা দেয়া হয়েছে। “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” কর্মসূচির আওতায় প্রতিযোগিতার মাধ্যমে প্রতিকূলতাকে অতিক্রম করে যে সমস্ত নারীরা সমাজের বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠা লাভ করেছেন তাদের মধ্য থেকে অত্র উপজেলায় ৫টি ক্যাটাগরীতে ৫ জন নারীকে “জয়িতা” নির্বাচন ও পুরস্কৃত করার মাধ্যমে নারীদেরকে সামনে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে উদ্বুদ্ধ করা হয়েছে। উদ্যোগী ও আগ্রহী নারীদেরকে উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার জন্য সহায়তা প্রদান করা হয়েছে। আত্মনির্ভরশীল করার লক্ষ্যে দরিদ্র মহিলাদের মধ্যে ১৪ টি সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। উপজেলা হতে বাল্যবিয়ে নিরোধে বিভিন্ন শ্রেণি পেশার জনগণকে নিয়ে সচেতনতামূলক সভা সমাবেশ, সেমিনার আয়োজন করা হয়েছে। প্রায় ৮০% বাল্যবিয়ে বন্ধ করা হয়েছে। জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১ বাস্তবায়ন কল্পে জাতীয় কর্মপরিকল্পনা-২০১৩ অনুযায়ী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।